

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১. ০২৪

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৪

বিষয় : ৩য় ব্যাখ্যা তলব।

সূত্র: বাবুগঞ্জ, বরিশাল স্মারক নম্বর-১১৩(ক) তারিখ: ২০ জুন ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলায় মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধিসহ প্রকল্প কার্যক্রম সন্তোষজনক না হওয়ায় স্মারক নং ০৭২ তারিখঃ ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ মূলে ব্যাখ্যা তলব করা হয়। সে প্রেক্ষিতে আপনার প্রেরিত জবাব কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য না হওয়ায় পুনরায় স্মারক নং ২১০ তারিখঃ ১২ জুন, ২০২৩ মূলে ব্যাখ্যা তলব করা হয়। পুনরায় ব্যাখ্যা তলবের প্রেক্ষিতে আপনার প্রেরিত জবাবে অঙ্গীকার করেছেন যে ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন সমিতিতে ঋণ বিতরণ করে অপেক্ষাকৃত খারাপ সমিতিগুলো পর্যায়ক্রমে বন্ধ করে ৮০% ঋণের টাকা কিস্তির মাধ্যমে আদায় করবেন। কিন্তু মাইক্রোফিন ৩৬০ সফটওয়্যারে প্রকল্প কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, চলতি অর্থ বছরে ০৪ টি নতুন সমিতি ও ১৪৪ জন সদস্য অন্তর্ভুক্তির বিপরীতে এককালীন পরিশোধকারী কিছু সংখ্যক সদস্যের ঋণ কার্যক্রম বন্ধ করেছেন। এছাড়া বর্তমানে উক্ত উপজেলায় কিস্তি আদায়ের হার ৪৩% এবং ওটিআরের বিপরীতে আপনার উপজেলায় ঋণ কার্যক্রমের পোর্টফোলিও ৭১% বুকিতে রয়েছে। এতে প্রতীয়মান হয়, এককালীন পরিশোধকারী সদস্য বাতিল ও নতুন সদস্য অন্তর্ভুক্তি করে ঋণ বিতরণপূর্বক কিস্তি আদায়ের হার বৃদ্ধিসহ মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায়ের জন্য আপনি কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম আদৌ জোরদার করেননি। সে প্রেক্ষিতে আপনার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি।


২। মাইক্রোফিন ৩৬০ সফটওয়্যারে ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ জুন ২০২২ মাসের তুলনায় জুলাই/২৩ মাসে ২১.৭৮ লক্ষ টাকা এবং জুলাই/২৩-এর তুলনায় জানুয়ারি/২৪ মাসে ৫৫.৭৯ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে, যা আদায়যোগ্য ঋণের ৫৯%। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ হ্রাসের পরিবর্তে ক্রমাগত আশংকাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের বিবরণ নিম্নরূপ:

জুন ২০২২ তারিখে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ (লক্ষ টাকা)	জুলাই/২৩-এ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ (লক্ষ টাকা)	জানুয়ারি/২৪-এ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ (লক্ষ টাকা)	বিগত ৭ মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ বৃদ্ধির পরিমাণ (লক্ষ টাকা)
১	২	৩	৪= (৩-২)
২০.০৩	৪১.৮১	৯৭.৬০	৫৫.৭৯

৩। উল্লেখ্য, ইতোপূর্বে বামনা, বরগুনা কর্মকালীন নানা ধরনের আর্থিক অনিয়মে জড়িত হওয়াসহ দায়িত্বে অবহেলার জন্য আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। তদুপরি আপনি উক্ত উপজেলায় নীতিমালা বহির্ভূতভাবে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নসহ তদারকি কার্যক্রমে অবহেলা করেছেন। যা আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে।

এমতাবস্থায়, এককালীন পরিশোধকারী সদস্য বাতিল ও নতুন সদস্য অন্তর্ভুক্তি করে ঋণ বিতরণপূর্বক কিস্তি আদায়ের হার বৃদ্ধিসহ মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ আদায়ের জন্য কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার না করে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন

আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশিদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মো: শাহাদাৎ হোসেন
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো,
বিআরডিবি, বাবুগঞ্জ, বরিশাল।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বরিশাল।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, বাবুগঞ্জ, বরিশাল।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।